01
Scene

চাদ তারা দুই ভাই
কাজে কর্মে মিল নাই

02
Scene



তারা মিয়া ডানে গেলে
চাদ যায় বামে
সারাদিন থাকে ওরা
ভুলভাল কামে!

03
Scene

চাদ ও তারা খুব খুশি মনে ফিসফিস করে কথা বলতে বলতে বাড়ি থেকে বের হচ্ছে বোঝা যায়-
চাদ: (ফিসফিস করে) শোন তারা, মা তো আমাদের বাজার করে আনতে বলেছে, কিন্তু আমরা আগে যাব স্কুল মাঠে সেইখানে সব বন্ধুদের সাথে দেখা হবে, ওদের সাথে আড্ডা দিব...
তারা   : তারপর বাজার করে ফিরবো... ঠিক বলেছিস চাদ
চাদ: আহা কি খুশির কথারে, নাইতো আর বাধারে...
তারা   : শিথিল হয়েছে লক ডাউন, চল যাই চল বাইরে!

04
Scene

এমন সময় জোছনার কণ্ঠ-
জোছনা : কি ব্যপার চাদ তারা ভাইয়েরা!
তোমরা খুশিতে এত আত্মহারা!
চাচী মা তোমাদের বাজারে যেতে বলেছে, কিন্তু তোমাদের মুখে মাস্ক কই?

05
Scene

তারা : হাহাহাহা, কি যে বলে জোছনা, আরে আমাদের এলাকায়/পাড়ায়/গ্রামে তো লক ডাউন শিথিল করা হয়েছে, এখন আর বাইরে যেতে মাস্ক লাগবে কেন!

06
Scene



জোছনা : অবশ্যই লাগবে। শোনো ভাইয়ারা, লক ডাউন শিথিল হলেও ঝুকি কিন্তু কমে যায়নি। জরুরি কাজে যেখানেই যাবে সেখানে সবাইকেই মুখে মাস্ক পড়তে হবে, একজন থেকে আরেক জন কমপক্ষে তিন ফুট দূরত্ব বজায় রাখতে হবে।

07
Scene

চাদ : তাই!

08
Scene

জোছনা : হ্যা। আর বাইরে থেকে ফিরে দ্রুত ভাল করে দুই হাত ধুয়ে ফেলতে হবে। পরনের কাপড় চোপড় সব সাবান দিয়ে ধুয়ে দিতে হবে। সম্ভব হলে গোসল করে ফেলা সবচেয়ে নিরাপদ।

09
Scene

তারা : এত কিছু করতে হবে!
জোছনা : অবশ্যই এইসব সব স্বাস্থ্য বিধি পালন করতে হবে, তাহলেই করোনা থেকে নিরাপদ থাকা যাবে।
চাদ : বুঝতে পারছি, লক ডাউন শিথিল হলেও নিয়ম কানুন শিথিল করা যাবে না।

জোছনা : একদম ঠিক!

10
Scene

তারা : ভাইয়া, পকেট থেকে মাস্কটা বের করে পড়ে নাও। আমিও পড়ছি।
চাদ : হ্যা অবশ্যই!

11
Scene

লক ডাউন শিথিল হলেও,
স্বাস্থ্য বিধি নয়।
করোনা থেকে বাঁচবো সবে
থাকবে নাকো ভয়।।